

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪২.০১৪.১২.০২.০১২.২০১৪. 2082


তারিখঃ ০২ ভাদ্র ১৪২৩
২ আগস্ট ২০১৬

বিষয় : জামালপুর জেলার মেলান্দহ উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নতুন অডিটরিয়াম ভবন নির্মাণের প্রস্তাবিত স্থানের গাছ কর্তন সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এর স্মারক নং-০৫.৩০.৩৯০০.০১৪.০১২.০০১.১৪-১৮১, তারিখঃ ২৯/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মালিকানাধীন গাছ বিক্রয়ের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ২২/৯/২০১৬ তারিখের ৩১৭৩ নং স্মারকে জারীকৃত নির্দেশনা অনুযায়ী উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য কোন গাছ কর্তনের প্রয়োজন হলে এতদসংক্রান্ত কমিটির মাধ্যমে গাছের কাঠের পরিমাণ ও মূল্য নির্ধারণ করে বিভাগীয় কমিশনারের অনুমোদন গ্রহণপূর্বক গাছ কর্তন ও নিলামে বিক্রির কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। এমতাবস্থায়, মেলান্দহ উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নতুন অডিটরিয়াম ভবন নির্মাণের প্রস্তাবিত স্থানে ১৮টি গাছ কর্তনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ২২/০৯/২০১১ তারিখের ৩১৭৩ নং স্মারকের নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, জামালপুর।

অনুলিপি-ঃ

- ১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, জামালপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
- ৬। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ, শাখা

নং-৪৬.০৪২.০২২.০০.১৬২.২০১১.৩১৭৩

তারিখঃ ৭/০৬/১৪১৮ বঙ্গ।
২২/০৯/২০১১ খ্রিঃ।


বিষয় : জেলা পরিষদের মালিকানাধীন গাছ বিক্রি সংক্রান্ত নির্দেশিকা।

জেলা পরিষদের মালিকানাধীন রাস্তা সম্প্রসারণসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন সময়ে গাছ অপসারণের প্রয়োজনীয়তা দেখা দেয়। বিদ্যমান নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী গাছ বিক্রির অনুমোদন গ্রহণের নিমিত্ত যে সময় প্রয়োজন হয় তাতে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়। এছাড়া বারে পড়া, মরা ও সুকির্পূর্ণ গাছসমূহ দ্রুত অপসারণের ক্ষেত্রেও নানা জটিলতা সৃষ্টি হয়। এ অবস্থায়, গাছ বিক্রির অনুমোদন প্রক্রিয়া সহজতর এবং দ্রুততম সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের স্বার্থে গাছ বিক্রির বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা/নীতিমালা বাতিলক্রমে নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো:

- জেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন স্থানের মরা, ঝড়ে পড়া, পরিপক্ব এবং উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য কর্তব্যযোগ্য কোনও গাছ নিলামে বিক্রয়ের পূর্বে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে গাছগুলোর কাঠের পরিমাণ ও সরকারি নিয়মে কাঠের মূল্য নির্ধারণ করতে হবে :

১.	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব জেলা পরিষদ	আহ্বায়ক
২.	জেলা প্রশাসকের প্রতিনিধি	সদস্য
৩.	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা	সদস্য
৪.	বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা	সদস্য

- সরকারি নিয়মে মূল্য নির্ধারণের পর জেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন স্থানের মরা, ঝড়ে পড়া, পরিপক্ব গাছ জেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করে বিধি মোতাবেক নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য কোনও গাছ কর্তনের প্রয়োজন হলে উল্লিখিত কমিটির মাধ্যমে গাছের কাঠের পরিমাণ ও মূল্য নির্ধারণ করে বিভাগীয় কমিশনারের অনুমোদন গ্রহণপূর্বক গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- গাছ বিক্রির বিষয়ে বনজঙ্গল পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ অনুসরণ করতে হবে;
- এখন থেকে জেলা পরিষদের মালিকানাধীন গাছ কর্তন ও নিলামে বিক্রির বিষয়ে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের প্রয়োজন হবেনা।


২২/৯/১১
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,(সকল)।

নং-৪৬.০৪২.০২২.০০.১৬২.২০১১. ৩১৭৩

তারিখঃ ২২.০৯.২০১১ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- জেলা প্রশাসক -----(সকল)। (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে অবহিত করার জন্য সর্বনয় অনুরোধ করা হলো)।
- জেলা বন কর্মকর্তা, জেলা----- (সকল)।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২২/৯/১১
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব